গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০১১.১৮.৫৪৯

তারিখ: ১ কার্তিক ১৪২৮
১৭ অক্টোবর ২০২১

প্রজ্ঞাপন

বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে তাঁর নামের পার্শ্বে বর্ণিত বিশ্ববিদ্যালয়ের অধীনে এম.ফিল (খন্ডকালীন) গবেষণা কোর্সে নিম্নোক্ত শর্তে অধ্যয়নের অনুমতি প্রদান করা হলো:

ক্রমিক	নাম, পদবী ও কর্মস্থল	কোর্স, শিক্ষাবর্ষ, বিশ্ববিদ্যালয় ও গবেষণার শিরোনাম
০১	জনাব সায়মা রহমান (১৫৫৯১) মূলপদ: সহকারী অধ্যাপক (ইতিহাস) সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, নায়েম, ঢাকা।	এম.ফিল (খন্ডকালীন) শিক্ষাবর্ষ: ২০২০-২০২১ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা। গবেষণার শিরোনাম: "প্রাথমিক উপাদান বিশ্লেষণ ও মাঠপর্যায়ের অনুসন্ধানে নারায়ণগঞ্জ জেলার জামদানী শিল্পের উৎস ও বিকাশ"

শর্তাবলী:

ক) নিজ খরচে সম্পূর্ণ কোর্স সম্পন্ন করতে হবে;

খ) খন্ডকালীন কোর্সে অধ্যয়নের অজুহাতে দায়িত্ব পালনরত প্রতিষ্ঠানে স্বাভাবিক সরকারি দায়িত্ব পালনে বিঘ্ন ঘটাতে কিংবা দায়িত্ব পালনে বিরত থাকতে পারবেন না; কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের দিন ব্যতিত অধ্যয়নের অজুহাতে খন্ডকালীন গবেষক-কে কোন ছুটি প্রদান করা হবে না;

গ) উচ্চতর ডিগ্রি সম্পন্ন করাকালীন গবেষণার বিষয়টিকে অন্যত্র বদলী হওয়ার বা না হওয়ার অজুহাত হিসাবে ব্যবহার করা যাবে না;

ঘ) যথাসময়ে কোর্স সমাপ্তির পর কোর্স সমাপনীর প্রতিবেদন ও সার্টিফিকেটের কপি মন্ত্রণালয় এবং মা.উ.শি অধিদপ্তরে দাখিল করতে হবে এবং

ঙ) কোর্স সম্পন্ন করে গবেষণা কর্মের উপর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ একটি প্রেজেন্টেশন প্রদান করতে হবে।

০২. এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৮-১০-২০২১

মোহাম্মদ আবু নাসের বেগ
উপসচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০১১.১৮.৫৪৯/১(৯)

তারিখ: ১ কার্তিক ১৪২৮
১৭ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২) রেজিস্ট্রার.....
৩) মহাপরিচালক.....
৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা
৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৭) জনাব.....
৮) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৯) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....